



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)



স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৫৯

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ  
০১ জুন, ২০২৩ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং সরকারি ও বেসরকারি এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রমের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ২৯-৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের নিয়ে উল্লিখিত তথ্য মোতাবেক কার্যসম্পাদনের জন্য অনুরোধ করা হলো:

০১। Duplicate/Multiple Admitted List (Previous Year) শিক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ডসহ প্রয়োজনীয় ডকুমেন্টস নিয়ে বোর্ডের রেজিস্ট্রেশন শাখা (০২নং ভবন) হতে আগামী ০৪-০৫ জুন, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে বাতিল করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর ভর্তি নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য এই সময়ের পর বাতিলের কোন সুযোগ থাকবে না।

০২। Blank form Application এ ২৯-৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীর মূল নম্বরপত্র আগামী ০৪-০৫ জুন, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে বোর্ডের ২নং ভবনের ৭০১ নম্বর রুমে জনাব রুপক কান্তি বিশ্বাস, কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) এর নিকট প্রদর্শন করতে হবে।

০৩। Duplicate/Multiple Admitted List (Previous Year) ও Blank form Application List প্রতিষ্ঠান Login করে চেক করা যাবে এবং তালিকা অনুসারে কার্যসম্পাদন করতে হবে।

উল্লেখ্য, ২৯-৩১ মে, ২০২৩ খ্রি. পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের কার্যক্রম পরিচালনা করা হবে এবং পূর্বের ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় না আনার জন্য অনুরোধ করা হলো। বেসরকারি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের এ সকল শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করলে ১২-০৬-২০২৩ খ্রি. তারিখে Probable List প্রকাশ করা হবে। উক্ত তালিকা অনুযায়ী বোর্ডে এসে সরাসরি ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

(প্রকৌশলী মো: রকিব উল্লাহ)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

তারিখ: ০১/০৬/২০২৩ খ্রি.

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৩.৫৯(০৮)

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ০১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর/বস্ত্র অধিদপ্তর/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর/প্রাণিসম্পদ অধিদপ্তর/ বিএমইটি, ঢাকা।
- ০৩। পরিচালক, আইআইসিটি, বুয়েট।
- ০৪। সচিব/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ।
- ০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ০৮। নথি।

(রুপক কান্তি বিশ্বাস)

কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)

ভর্তি শাখার দায়িত্বপ্রাপ্ত

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।